

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭০৫

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (کتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৩৮. প্রতিটি উটের উপরিভাগে এক একটি শয়তান থাকে - এসম্পর্কে যা বর্ণিত হয়েছে

باب مَا جَاءَ أَنَّ عَلَى ذِرْوَةِ كُلِّ بَعِيرٍ شَيْطَانًا

## আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ عَنْ مُحَمَّدِ بْنِ حَمْزَةَ بْنِ عَمْرِو الْأَسْلَمِيِّ قَالَ وَقَدْ صَحِبَ أَبُوهُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ سَمِعْتُ أَبِي يَقُولُ قَالَ رَكِبْتُمُوهَا فَسَمُّوا اللَّهَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَى ذِرْوَةٍ كُلِّ بَعِيرٍ شَيْطَانٌ فَإِذَا رَكِبْتُمُوهَا فَسَمُّوا اللَّهَ وَلَا تُقَصِّرُوا عَنْ حَاجَاتِكُمْ

## বাংলা

২৭০৫. মুহাম্মদ ইবনু হামযাহ ইবনু আমর আল আসলামী যার পিতা ছিলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামের সাহাবী, তিনি বলেন, আমি আমার পিতাকে বলতে শুনেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "প্রত্যেক উটের উপরিভাগে একটি করে শয়তান থাকে, সুতরাং তোমরা যখন এর পিঠে আরোহন করবে, তখন বিসমিল্লাহ' বলবে, কিন্তু তোমাদের প্রয়োজন সমূহ থেকে বিরত থাকবে না।"[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১৭০৩, ২৬৯৪ ও মাওয়ারিদুয যাম'আন নং ২০০০ তে।

সংযোজনী: এছাড়া, ইবনু আবী শাইবা ১০/৩৯১ নং ৯৭৭২; তাবারাণী, আওসাত নং ১৯৪৫।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=82990}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন